



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৫৯১/মুসী/ ৬৫৪০

তারিখ: ২৮/০১/২৪

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ কামাল হোসেন-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৪/০৬/২০২৩ তারিখের আবেদন।
(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ২০/০৯/২০২২ তারিখের তদন্ত প্রতিবেদন।
(৩) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
(৪) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ কামাল হোসেন-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- “১। তথ্য গোপন করে ভূয়া তথ্য দিয়ে প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও প্রধান শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন এবং ২। ভূয়া ভাউচারের মাধ্যমে বিদ্যালয়ের লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন।”

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৮/০৯/২০২৪ তারিখের সভায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২ তম বোর্ড সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ কামাল হোসেন-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি

বাঘড়া স্বরূপ চন্দ্র পাইলট উচ্চ বিদ্যালয়

বাঘড়া, শ্রীনগর

মুসীগঞ্জ।

মেমো নং- ৬৫৪০(৩০)

তারিখ: ২৮/০১/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মুসীগঞ্জ।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, মুসীগঞ্জ।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বাঘড়া স্বরূপ চন্দ্র পাইলট উচ্চ বিদ্যালয়, বাঘড়া, শ্রীনগর, মুসীগঞ্জ।
- ৮। জনাব মোহাম্মদ কামাল হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বাঘড়া স্বরূপ চন্দ্র পাইলট উচ্চ বিদ্যালয়, বাঘড়া, শ্রীনগর, মুসীগঞ্জ।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

সচিব

২৮/০১/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২৮/০১/২৪